

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৮, ২০২০

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৭ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ/২২ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৪১.০০১.১৮-৩৪৮।—“স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০” এর বিধি ৮৬-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীমকোর্টের সাথে পরামর্শক্রমে ০৫ অক্টোবর, ২০২০ খ্রি: তারিখের নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০২.১৯-৩৮৬ স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালায় বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপবিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন শাস্তিযোগ্য নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৪নং কলামে বর্ণিত ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে ৫নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ১০ (দশ) জন কর্মকর্তা-কে ভোটগ্রহণের পূর্বের দু'দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু'দিন অর্থাৎ ০৮ অক্টোবর, ২০২০ খ্রি: হতে ১২ অক্টোবর, ২০২০ খ্রি: তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

“তফসিল”

ক্রম	জেলা	উপজেলা	ইউনিয়ন	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪	৫
১	চুয়াডাঙ্গা	দামুড়ছদা	নতিপোতা	জনাব মানিক দাস, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চুয়াডাঙ্গা।

(৯৯৪৫)

মূল্য : টাকা ৪.০০

ক্রম	জেলা	উপজেলা	ইউনিয়ন	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪	৫
২			নাটুদহ	জনাব মোঃ সাজেদুর রহমান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চুয়াডাঙ্গা।
৩	কুড়িগ্রাম	ভুবুজামারী	জয়মনিরহাট	জনাব সুমন আলী, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম
৪	গাইবান্ধা	সদর	সাহাপাড়া	জনাব উপেন্দ্র চন্দ্র দাস, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা।
৫	চাঁপাইনবাবগঞ্জ	শিবগঞ্জ	পাঁকা	বেগম ইসমত আরা তুশি, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ।
৬	রাজশাহী	গোদাগাড়ী	মাটিকাটা	জনাব রাসেল মাহমুদ, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী।
৭	জামালপুর	ইসলামপুর	নোয়ারপাড়া	জনাব ফয়সাল তারেক, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, জামালপুর।
৮	নরসিংদী	সদর	করিমপুর	জনাব মোঃ মঈন উদ্দিন কাদির, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নরসিংদী।
৯	সুনামগঞ্জ	বিশুণ্ডরপুর	সলুকাবাদ	জনাব রাগীব নূর, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ
১০	কুমিল্লা	চান্দিনা	বাতাঘাসী	জনাব মোহাম্মদ শামছুর রহমান, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা।

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করত: সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

জেলার নাম :

ইউনিয়ন পরিষদের নাম :

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১ (এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিসপ্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

আফরোজা শিউলী

উপসচিব (আইন)।